## বাংলাদেশ সুপ্রীমকোর্ট

# হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭।

শুধুমাত্র অফিসে ব্যবহারের জন্য।

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
# হাইকোর্ট বিভাগ, ঢাকা।

বিজ্ঞপ্তি নং— ১৩১২৩ জি তাং ২০-১০-৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ-এর সংবিধানের ১১৩(১) অনুচ্ছেদ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতির অনুমোদনসাপেক্ষে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ নিম্নলিখিত বিধিসমূহ প্রণয়ন করে। যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম** :— এই বিধিগুলি বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ নামে অভিহিত হইবে।

(ক) বর্তমানে যে সমস্ত আইন ও বিধি বলবত আছে সেই সমস্ত শর্তসাপেক্ষে এই বিধিগুলি কার্য্যকরী হওয়ার তারিখ হইতে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে যে সকল কর্মচারী কর্মরত আছেন এবং যে সকল কর্মচারী নিয়োগ-প্রাপ্ত হইবেন তাহাদের সকলের ক্ষেত্রে এই বিধিগুলি প্রযোজ্য হইবে।

(খ) এই বিধিগুলি অনতিবিলম্বে কার্য্যকরী হইবে। তবে এই বিধিসমূহ কার্য্য-করী হওয়ার পূর্ব পর্য্যন্ত যে সকল নিয়োগ, পদোন্নতি, চাকুরীচ্যুতি, অপ-সারণ ও বরখাস্ত করা হইয়াছে সেগুলির সকল ক্ষেত্রেই এই বিধিসমূহের বিধি-৩-এর উপ-বিধি-৩ প্রযোজ্য হইবে বলিয়া পরিগণ্য হইবে।

২। **সংজ্ঞাসমূহ** :— (ক) তপছিলে বর্ণিত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পদের বেলায় 'নিয়োগকারী কর্তৃপক্ষ' বলিতে প্রধান বিচারপতিকে বুঝাইবে এবং অন্যান্য পদের বেলায় রেজিষ্ট্রারকে বুঝাইবে।

(খ) 'শিক্ষানবীশ' বলিতে কোন নির্দিষ্ট পদে শিক্ষানবীশ হিসাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে বুঝাইবে।

(গ) কোন নির্দিষ্ট পদের জন্য 'আবশ্যকীয় শিক্ষাগত যোগ্যতা' বলিতে তপছিলে বর্ণিত ঐ পদের জন্য নির্দ্ধারিত শিক্ষাগত যোগ্যতাকেই বুঝাইবে।

(ঘ) 'তপছিল' বলিতে এই বিধির সংগে সংযোজিত তপছিলকেই বুঝাইবে।

(ঙ) 'নির্দ্দিষ্ট পদ' বলিতে তপছিলে বর্ণিত নির্দ্দিষ্ট পদকেই বুঝাইবে।

(চ) 'কোর্টের চাকুরী' বলিতে তপছিলে বর্ণিত ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর পদকেই বুঝাইবে।

(ছ) 'অনুমোদিত বিশ্ববিদ্যালয়' বলিতে বর্তমানে বলবত আইনের অধীনে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয় বুঝাইবে এবং সরকার কর্তৃক ঘোষণাকৃত অন্য কোন বিশ্ব-বিদ্যালয়কেও বুঝাইবে।

(খ) সরকারী অফিস এবং স্থায়ী সংস্থায় কর্মরত ব্যক্তি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ—(১) কোন নির্দিষ্ট পদে চাকুরীর জ্যেষ্ঠতা ও দক্ষতা ভিত্তিতে পদোন্নতি প্রদানপূর্বক নিয়োগ প্রদান করা হইবে। কেবলমাত্র চাকুরীর জ্যেষ্ঠতার ভিত্তিতে কোন কর্মচারী উচ্চতর পদে পদোন্নতি দাবী করিতে পারিবে না।

(২) যদি কোন কর্মচারীর অসন্তোষজনক চাকুরীর খতিয়ান থাকে তবে তিনি কোন নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের যোগ্য হইবেন না।

৬। শিক্ষানবীশ—(১) কোন নির্দিষ্ট প্রকৃত পদে নিয়োগের জন্য মনোনীত ব্যক্তিকে শিক্ষানবীশ হিসাবে নিয়োগ করা হইবে :—

(ক) সরাসরি নিয়োগের বেলায় সাবস্টেনটিভ নিয়োগের তারিখ হইতে দুই বৎসর শিক্ষানবিশ হিসাবে থাকিতে হইবে ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত হইয়া নিয়োগের তারিখ হইতে এক বৎসর শিক্ষানবিশ হিসাবে থাকিতে হইবে। তবে নিয়োগকর্তা কারণ লিপিবদ্ধ করতঃ সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিস-এর মেয়াদ তিন বৎসর এবং পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে দুই বৎসর পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন।

(২) শিক্ষানবিসকালে কোন কর্মচারীর আচরণ ও কাজ যদি নিয়োগকর্তা অসন্তোষজনক অথবা তিনি দক্ষতা অর্জন করিতে পারিবেন না বলিয়া মনে করেন তবে শিক্ষানবিস কাল শেষ হওয়ার পূর্বেই :—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহাকে চাকুরী হইতে বাদ দিতে পারিবেন এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে যে পদ হইতে পদোন্নতি প্রাপ্ত হইয়াছেন সেই পদে প্রত্যর্পণ করাইতে পারিবেন।

(৩) যদি কোন বর্ধিত সময় থাকে সেই সময়সহ শিক্ষানবিসিরকাল শেষ হওয়ার পরে :-

(ক) শিক্ষানবিসকালে শিক্ষানবিসের আচরণ এবং কাজ-কর্ম যদি নিয়োগকর্তা সন্তোষজনক মনে করেন তবে কর্তৃপক্ষ নির্ধারিত সময়ে নির্ধারিত পরীক্ষা এবং প্রশিক্ষণে কৃতকার্যতা সাপেক্ষে তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন।

এবং

(খ) যদি নিয়োগকর্তা মনে করেন যে, শিক্ষানবিসের আচরণ ও কাজ-কর্ম ঐ সময়ে সন্তোষজনক নয় তাহা হইলে :—

(১) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহাকে চাকুরীচ্যুতি করিতে পারিবেন ;

এবং

(২) পদোন্নতির ক্ষেত্রে যে পদ হইতে তিনি পদোন্নতি প্রাপ্ত হইয়াছেন সেই পদে প্রত্যর্পণ করাইতে পারিবেন। [তফছিল (১—২)]

উপাঙ্গ—১

## হাইকোর্ট বিভাগের চাকুরীসমূহ

১। প্রথম শ্রেণীর পদ

(ক) রেজিষ্ট্রার
(খ) ডেপুটি রেজিষ্ট্রার
(গ) স্পেশাল অফিসার
(ঘ) ১ম সহকারী রেজিষ্ট্রার [ যদি বি, সি, এস ( বিচার) অফিসারদের মধ্যে হইতে ( প্রেষণে) নিযুক্ত হন ]
(ঙ) প্রধান বিচারপতির সচিব

২। ২য় শ্রেণীর পদ

(ক) সহকারী রেজিষ্ট্রার
(খ) হিসাব রক্ষণ কর্মকর্তা

৩। তৃতীয় শ্রেণীর পদ

(ক) স্ট্যাম্প রিপোর্টার
(খ) বেঞ্চ অফিসার
(গ) সিনিয়র সুপারিনটেনডেন্ট
(ঘ) কোর্ট কীপার
(ঙ) সুপারিনটেনডেন্ট
(চ) হিসাবরক্ষক
(ছ) কমিশনার অব এফিডেবিট
(জ) কমিটি ক্লার্ক
(ঝ) লাইব্রেরীয়ান
(ঞ) ক্যাশিয়ার
(ট) এডিটর
(ঠ) সহকারী বেঞ্চ অফিসার

(ড) পি, এ, -কাম-ষ্টেনোগ্রাফার
(ঢ) ষ্টেনোগ্রাফার
(ণ) ষ্টেনো-টাইপিষ্ট
(ত) উচ্চমান সহকারী
(থ) ট্রান্সলেটর ( উচ্চমান সহকারী )
(দ) নিম্নমান সহকারী
(ধ) মুদ্রাক্ষরিক-কাম-নিম্নমান সহকারী
(ন) টেলিফোন অপারেটর
(প) ড্রাইভার
(ফ) ডুপলেকেটিং মেশিন অপারেটর
(ব) ফটোস্ট্যাট মেশিন অপারেটর
(ভ) রেকর্ড এ্যারেঞ্জার
(ম) দপ্তরী
(য) জমাদার

৪। চতুর্থ শ্রেণীর পদ

(ক) এম, এল, এস, এস (অর্ডারলী/পিয়ন/এক্সপ্রেস পিয়ন)
(খ) দারোয়ান
(গ) ফরাশ
(ঘ) ভিস্তি
(ঙ) মালি
(চ) সুইপার

তফছিল—২ ....

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স-সীমা | নিয়োগ পদ্ধতি | শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | রেজিস্ট্রার | --- | প্রথম শ্রেণীর পদসমূহ :—<br>(ক) জেলা জজ হইতে প্রেষণে বদলী দ্বারা অথবা জেলা জজ পদ মর্যাদার নীচে নহে এমন পদমর্যাদা সম্পন্ন ব্যক্তির দ্বারা | |
| ২। | ডেপুটি রেজিস্ট্রার | --- | (ক) সাব-জজের নীচে নয় এমন পদমর্যাদা সম্পন্ন বি. সি. এস (বিচার) সদস্য হইতে প্রেষণে বদলী দ্বারা<br>(খ) প্রধান বিচারপতির সচিব এবং সহকারী রেজিস্ট্রার পদাধিকারী ব্যক্তি হইতে পদোন্নতি দ্বারা। | (ক) বাংলাদেশের সিভিল সার্ভিস (বিচার) হইতে প্রেষণের ক্ষেত্রে চাকুরীতে ৭ বৎসরের কম অভিজ্ঞতা সম্পন্ন নহে।<br>(খ) পদোন্নতির ক্ষেত্রে প্রধান বিচারপতির সচিব হিসাবে দুই বৎসর অথবা সহকারী রেজিস্ট্রার হিসাবে ৩ বৎসর চাকুরী। ডিগ্রীধারীদিগকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>(গ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে প্রধান বিচারপতি তাঁহার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা শিথিল করিতে পারিবেন। |
| ৩। | স্পেশাল অফিসার | --- | (ক) সাবজিনেট জজের পদমর্যাদার নীচে নয় এমন বাংলাদেশ সিভিল সার্ভিস (বিচার) এর সদস্য হইতে প্রেষণে। | (ক) বাংলাদেশ সিভিল সার্ভিস (বিচার) কমপক্ষে সাত বৎসরের চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন অফিসার। |
| ৪। | সহকারী রেজিস্ট্রার | --- | বাংলাদেশ সিভিল সার্ভিস (বিচার) এর সহকারী জজ হইতে | (ক) কমপক্ষে তিন বৎসরের নীচে নয় এমন চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন অফিসার। |
| ৫। | প্রধান বিচারপতির সচিব | — | (ক) সহকারী রেজিস্ট্রার, ট্রাম্প রিপোর্টার, বেঞ্চ অফিসার এবং সিনিয়র সুপারিনটেনডেন্ট হইতে পদোন্নতি দ্বারা। | (ক) পদোন্নতির ক্ষেত্রে সহকারী রেজিস্ট্রার হিসাবে ১০ বৎসরের চাকুরীর অথবা ট্রাম্প রিপোর্টার, বেঞ্চ অফিসার, অথবা সিনিয়র সুপারিনটেনডেন্ট হিসাবে দুই বৎসরের চাকুরী। সাটলিপিকার ও টাইপের দক্ষতাসম্পন্ন ডিগ্রীধারী দেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| | | ১৮—[illegible] বৎসর | (খ) যদি কোর্টের চাকুরী হইতে উপযুক্ত প্রার্থী না পাওয়া যায় তবে সরাসরি নিয়োগ দ্বারা। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়-এর ডিগ্রীধারী বিশেষ করিয়া আইন ডিগ্রীধারী, যাহার সাটলিপি ও টাইপের দক্ষতা রহিয়াছে তাঁহাকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>(গ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে প্রধান বিচারপতি শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা শিথিল করিতে পারিবেন। |
| | | | দ্বিতীয় শ্রেণীর পদ | |
| ৬। | সহকারী রেজিস্ট্রার | — | (ক) ট্রাম্প রিপোর্টার, বেঞ্চ অফিসার, সিনিয়র সুপারিনটেনডেন্ট, কোর্ট কীপার, সুপারিনটেনডেন্ট এবং সমমানের পদসমূহ হইতে পদোন্নতির দ্বারা। | (ক) ট্রাম্প রিপোর্টার, বেঞ্চ অফিসার, সিনিয়র সুপারিনটেনডেন্ট ও কোর্ট কীপার হিসাবে অন্ততঃ দুই বৎসর অভিজ্ঞতা অথবা সুপারিনটেনডেন্ট এবং সমমানের পদসমূহে তিন বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন। |

[ বাংলাদেশ গেজেটের ৬ষ্ঠ খণ্ডে, ৭ই মে, ১৯৯৮ তারিখে প্রকাশিত ]

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ই মার্চ ১৯৯৮

নং ১৯৬১/জি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত নিয়োগ বিধির (ক) তফসিল ২ এর ক্রমিক নং ৯ এর কলাম ৫ এর এন্ট্রি (খ) এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি "খ" প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(খ) পদোন্নতির ক্ষেত্রে প্রধান বিচারপতির সচিব হিসাবে ২ বৎসর অথবা সহকারী রেজিস্ট্রার হিসাবে ৩ বৎসর কিংবা হিসাব রক্ষণ কর্মকর্তা হিসাবে ৭ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। তবে ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে।"

(খ) তফসিল ২ এর কলাম ১ এর ক্রমিক ২০ এর ৪ ও ৫ নং কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | | | |
|---|---|---|---|
| "২০। | উচ্চমান সহকারী এবং অনুবাদক। | (ক) নিম্নমান সহকারী এবং মুদ্রাক্ষরিক তথা নিম্নমান সহকারী এবং স্টেনো টাইপিষ্ট হইতে নিম্নের আনুপাতিক হারে পদোন্নতি দ্বারা।<br>১। নিম্নমান সহকারী ৬০%।<br>২। মুদ্রাক্ষরিক তথা নিম্নমান সহকারী ৩৫%।<br>৩। স্টেনো টাইপিষ্ট ৫%। | (ক) নিম্নমান সহকারী, স্টেনো টাইপিষ্ট অথবা মুদ্রাক্ষরিক তথা নিম্নমান সহকারী পদে অন্ততঃ ৫ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন।" |

কোর্টের আদেশক্রমে,

মোঃ আব্দুল জলিল

রেজিস্ট্রার।

| ২ | ৩ | ৪ | ৫ |
| --- | --- | --- | --- |
| | | | (খ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে প্রধান বিচারপতি অভিজ্ঞতা শিথিল করিতে পারিবেন। |
| । হিসাব রক্ষণ কর্মকর্তা | — | (ক) হিসাব রক্ষক এবং ক্যাশিয়ার হইতে পদোন্নতি দ্বারা। | (ক) পদোন্নতির ক্ষেত্রে হিসাব রক্ষক ও ক্যাশিয়ার হিসাবে কমপক্ষে তিন বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন। |
| | ১৮—২৭ বৎসর | (খ) কোর্টের কর্মচারীদের মধ্যে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের দ্বারা। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় এর ডিগ্রিধারী বিশেষ করিয়া হিসাব কাজে অভিজ্ঞতাসম্পন্ন কমার্স ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| | | | (গ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে প্রধান বিচারপতি শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা শিথিল করিতে পারিবেন। |
| | | **৩য় শ্রেণীর পদ** | |
| । ষ্ট্যাম্প রিপোর্টার | — | (ক) সিনিয়র সুপারিনটেনডেন্ট, কোর্ট কীপার, সুপারিনটেনডেন্ট, কমিশনার অব এফিডেবিট অথবা সমমানের পদ হইতে পদোন্নতির দ্বারা। | (ক) পদোন্নতির ক্ষেত্রে সিনিয়র সুপারিনটেনডেন্ট অথবা কোর্ট কীপার হিসাবে অন্ততঃ ১ বৎসরের অভিজ্ঞতা এবং কমিশনার অব এফিডেবিট অথবা সুপারিনটেনডেন্ট হিসাবে দুই বৎসরের অভিজ্ঞতা। ('ল' ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে।) |
| | ১৮—২৭ বৎসর | (খ) যদি কোর্টের কর্মচারীদের মধ্যে উপযুক্ত প্রার্থী না পাওয়া যায় তবে সরাসরি নিয়োগ দ্বারা। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে কমপক্ষে আইন ডিগ্রীধারী বিশেষ করিয়া আইন ব্যবসায় নিয়োজিত এ্যাডভোকেটকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| | | | (গ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে রেজিষ্ট্রার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা শিথিল করিতে পারিবেন। |
| । বেঞ্চ অফিসার | — | (ক) পরীক্ষার উদ্দেশ্যে রেজিষ্ট্রার কর্তৃক গঠিত কমিটি দ্বারা পরিচালিত সাঁটলিপি ও টাইপিং পরীক্ষার ভিত্তিতে সহকারী বেঞ্চ অফিসার হইতে পদোন্নতির দ্বারা। | (ক) সহকারী বেঞ্চ অফিসার হিসাবে কমপক্ষে দুই বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন। |
| | | | (খ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে রেজিষ্ট্রার অভিজ্ঞতা শিথিল করিতে পারিবেন। |
| । সিনিয়র সুপারিনটেনডেন্ট | — | (ক) সুপারিনটেনডেন্ট অথবা যে কোন সমমানের পদাধিকারী হইতে পদোন্নতি দ্বারা। | (ক) সুপারিনটেনডেন্ট অথবা যে কোন সমমানের পদে অন্তত দুই বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন। |
| | | | (খ) অন্যান্য দিক দিয়া বিবেচিত হইলে রেজিষ্ট্রার অভিজ্ঞতা শিথিল করিতে পারিবেন। |
| । কোর্ট কিপার | — | (ক) সুপারিনটেনডেন্ট বা কোন সমমানের পদে অধিষ্ঠিত ব্যক্তিকে পদোন্নতি দ্বারা এবং উপযুক্ত পদাধিকারীদের মধ্যে, উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে | (ক) সুপারিনটেনডেন্ট বা যে কোন সমমানের পদে কমপক্ষে ১ বৎসরের অভিজ্ঞতা অথবা উচ্চমান সহকারী হিসাবে কমপক্ষে দুই বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১২। | সুপারিনটেনডেন্ট, কমিশনার অফ এফিডেভিট, এডিটর | — | (ক) কোর্ট-এর উচ্চমান সহকারী অথবা সমমান পদ হইতে পদোন্নতি দ্বারা। | (ক) উচ্চমান সহকারী অথবা অন্যান্য সমমান পদে অন্ততঃ দুই বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন। |
| | | | | (খ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে রেজিষ্ট্রার অভিজ্ঞতা শিথিল করিতে পারিবেন। |
| ১৩। | হিসাবরক্ষক | — | (ক) কোর্টের উচ্চমান সহকারী পদাধিকারী হইতে পদোন্নতি দ্বারা। | (ক) পদোন্নতির ক্ষেত্রে উচ্চমান সহকারী হিসাবে দুই বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন বিশেষ করিয়া হিসাব কাজে অভিজ্ঞ। |
| | | ১৮-৩০ বৎসর | (খ) কোর্টের কর্মচারীদের মধ্যে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগ দ্বারা। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে হিসাব কার্যে অভিজ্ঞতাসম্পন্ন কমার্স গ্র্যাজুয়েটদিগকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| | | | | (গ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে রেজিষ্ট্রার, অভিজ্ঞতা ও শিক্ষাগত যোগ্যতা শিথিল করিতে পারিবেন। |
| ১৪। | ক্যাশিয়ার | — | (ক) উচ্চমান সহকারী হইতে পদোন্নতি দ্বারা | (ক) পদোন্নতির ক্ষেত্রে উচ্চমান সহকারী হিসাবে কমপক্ষে দুই বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন। (বিশেষ করিয়া হিসাব কাজে অভিজ্ঞ)। |
| | | ১৮-৩০ বৎসর | (খ) যদি, কোর্টের কর্মচারীদের মধ্য হইতে উপযুক্ত প্রার্থী না পাওয়া যায়, তবে সরাসরি নিয়োগের দ্বারা। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে হিসাব কর্মে অভিজ্ঞ কমার্স ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| | | | | (গ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে রেজিষ্ট্রার অভিজ্ঞতা ও শিক্ষাগত যোগ্যতা শিথিল করিতে পারিবেন। |
| ।। | লাইব্রেরীয়ান | — | (ক) উচ্চমান সহকারী অথবা সমমানের পদ হইতে পদোন্নতি দ্বারা। | (ক) উচ্চমান সহকারী অথবা সমমানের পদে অন্ততঃ দুই বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন। |
| | | ১৮-৩০ বৎসর | (খ) কোর্টের কর্মচারীদের মধ্যে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগ দ্বারা। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিশেষ করিয়া লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা সহ ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| | | | | (গ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে রেজিষ্ট্রার অভিজ্ঞতা ও শিক্ষাগত যোগ্যতা শিথিল করিতে পারিবেন। |
| ১। | কমিটি ক্লার্ক | — | (ক) উচ্চমান সহকারী অথবা সমমর্যদার পদের অধিকারী হইতে পদোন্নতি দ্বারা। | (ক) উচ্চমান সহকারী অথবা সমমান পদে কমপক্ষে দুই বৎসরের অভিজ্ঞতা বিশেষ করিয়া সাঁটলিপি ও টাইপিং জ্ঞান সহকারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| | | | | (খ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৭ | সহকারী বেঞ্চ অফিসার | — | (ক) পরীক্ষার জন্য রেজিষ্ট্রার কর্তৃক গঠিত কমিটি কর্তৃক পরিচালিত প্রতিযোগিতা-মূলক পরীক্ষার ভিত্তিতে কোর্টের পি, এ-কাম ষ্টেনোগ্রাফার এবং ষ্টেনোগ্রাফার-দের পদোন্নতি দ্বারা। | (ক) পি, এ,-কাম-ষ্টেনোগ্রাফার অথবা ষ্টেনোগ্রাফার হিসাবে কমপক্ষে দুই বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন।<br>(খ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে রেজিষ্ট্রার অভিজ্ঞতা শিথিল করিতে পারিবেন। |
| ১৮। | পি, এ-কাম-ষ্টেনোগ্রাফার | ১৮-৩০ বৎসর | (ক) পরীক্ষার জন্য রেজিষ্ট্রার কর্তৃক গঠিত কমিটির দ্বারা পরিচালিত সাঁটলিপি ও টাইপিং এ প্রতিযোগিতামূলক পরীক্ষার ভিত্তিতে সরাসরি নিয়োগ দ্বারা। | (ক) সাঁটলিপি ও টাইপিং-এ দক্ষতাসম্পন্ন কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ১৯। | ষ্টেনোগ্রাফার | ১৮-৩০ বৎসর | (ক) পরীক্ষার জন্য রেজিষ্ট্রার কর্তৃক গঠিত কমিটির দ্বারা পরিচালিত সাঁটলিপি ও টাইপিং এ প্রতিযোগিতামূলক পরীক্ষার ভিত্তিতে সরাসরি নিয়োগ দ্বারা। | (ক) সাঁটলিপি-ও টাইপিং এ দক্ষতাসম্পন্ন কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ২০। | উচ্চমান সহকারী এবং অনুবাদক | — | (ক) নিম্নমান সহকারী এবং মুদ্রাক্ষরিক এবং ষ্টেনো টাইপিষ্ট হইতে নিম্নের আনুপাতিক হারে পদোন্নতির দ্বারা।<br>(১) নিম্নমান সহকারী ৭৫%(২) মুদ্রাক্ষরিক ২০%(৩) ষ্টেনো টাইপিষ্ট ৫%। | (ক) নিম্নমান সহকারী, ষ্টেনো-টাইপিষ্ট অথবা মুদ্রাক্ষরিক হিসাবে অন্ততঃ দুই বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন। |
| ২১। | ষ্টেনো-টাইপিষ্ট | ১৮-৩০ বৎসর | (ক) পরীক্ষার জন্য রেজিষ্ট্রার কর্তৃক গঠিত কমিটি দ্বারা পরিচালিত প্রতিযোগিতা-মূলক পরীক্ষার ভিত্তিতে সরাসরি নিয়োগ। | (ক) সাঁটলিপি ও টাইপিং এ দক্ষতা কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ২২। | নিম্নমান সহকারী | ১৮-৩০ বৎসর | (ক) পরীক্ষার জন্য রেজিষ্ট্রার কর্তৃক গঠিত কমিটি দ্বারা ভাষা ও সাধারণ জ্ঞানের উপর পরিচালিত প্রতিযোগিতামূলক পরীক্ষার ভিত্তিতে ৮০% সরাসরি নিয়োগ।<br>(খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশ, রেকর্ড এ্যারেঞ্জার, দপ্তরী এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীদের যাহাদের বর্তমান পদে কার্য-কলাপ সন্তোষজনক তাহাদের মধ্য হইতে ২০% পদোন্নতি দ্বারা। | (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। সাটলিপি ও টাইপিং এ জ্ঞানসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>(খ) নথি বিন্যাসকারী দপ্তরী এবং ৪র্থ শ্রেণীর কর্মচারী হিসাবে অন্ততঃ তিন বৎসরের অভিজ্ঞতা। |
| ২৩। | মুদ্রাক্ষরিক-কাম-নিম্নমান সহকারী | ১৮-৩০ বৎসর | (ক) পরীক্ষার জন্য রেজিষ্ট্রার কর্তৃক গঠিত কমিটির দ্বারা ভাষা, সাধারণ জ্ঞান এবং টাইপিং-এর উপর পরিচালিত প্রতিযোগিতা মূলক পরীক্ষার ভিত্তিতে সরাসরি নিয়োগ দ্বারা। | (ক) কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং টাইপিং এ দক্ষতা। সাঁটলিপিতে জ্ঞানসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৪। | টেলিফোন অপারেটর | ১৮-৩০ বৎসর | (ক) পরীক্ষার জন্য রেজিষ্ট্রার কর্তৃক গঠিত কমিটি দ্বারা ভাষা, সাধারণ জ্ঞান এবং মেশিন পরিচালনায় প্রতিযোগিতামূলক পরীক্ষার ভিত্তিতে সরাসরি নিয়োগ করা হইবে। | (ক) টেলিফোন মেশিন পরিচালনায় দক্ষতা-সহ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |

৮(ক)

[বাংলাদেশ গেজেটের ৬ষ্ঠ খণ্ডে, ২৪শে নভেম্বর, ১৯৯৪ তারিখে প্রকাশিত]

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ই অক্টোবর, ১৯৯৪/৩রা কার্তিক ১৪০১

নং ৭১৩৪৮/জি—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৩(২) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে, "বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কর্মচারী নিয়োগ বিধি, ১৯৮৭" এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত নিয়োগ বিধির তফসিল-২ এর কলাম ৩ এর—

(ক) ক্রমিক নং ৫, ৭, ৮, ১৩ হইতে ১৫, ১৮, ২৯, ৩১ হইতে ৫৭ এবং ৬১ হইতে ৫৬ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত "১৮—২৭ বৎসর" সংখ্যা ও শব্দের পরিবর্তে, উক্ত প্রতিটি ক্ষেত্রে, "১৮—৩০ বৎসর" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে,

(খ) ক্রমিক নং "৫৭" এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে উক্ত কলামসমূহে যথাক্রমে নিম্নরূপ ক্রমিক নম্বর এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | | | |
|---|---|---|---|
| "৫৭। অবকাশী বেঞ্চ সাঁটলিপিকার। | ১৮—৩২ বৎসর | (ক) পরীক্ষার জন্য রেজিস্ট্রার কর্তৃক গঠিত কমিটি কর্তৃক অনুষ্ঠিত প্রতিযোগিতামূলক পরীক্ষার ভিত্তিতে স্টেনো-টাইপিস্ট-কাম-স্টেনোগ্রাফার এবং স্টেনোগ্রাফারদের পদোন্নতি দ্বারা। | (ক) পদোন্নতির ক্ষেত্রে:— স্টেনো-টাইপিস্ট-কাম-স্টেনোগ্রাফার অথবা স্টেনোগ্রাফার হিসাবে কম পক্ষে দুই বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন; তবে অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে রেজিস্ট্রার অভিজ্ঞতা শিথিল করিতে পারিবেন। |
| | | (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের দ্বারা। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :— সাঁটলিপি ও টাইপিং-এ দক্ষতাসহ কোন অনুমোদিত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।" |

কোর্টের আদেশক্রমে

মোঃ আবু জাফর খান

রেজিস্ট্রার।

৮(ঘ)

৭২(ঘ)

[ বাংলাদেশ গেজেট, মে ১৫, ২০০৮, ৬ষ্ঠ খন্ডে প্রকাশিত ]

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ

ঢাকা

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৪ মে ২০০৮/২১ বৈশাখ ১৪১৫

**নং ৩১জি**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে "বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭" এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ

উপরোক্ত নিয়োগ বিধির তফসিল-২ এর কলাম-১ এর ১৮ নং ক্রমিক এ পি, এ কাম-স্টেনোগ্রাফার এর পদবী পবিবর্তনপূর্বক উহার পরিবর্তে "ব্যক্তিগত কর্মকর্তা" ১৬ নং ক্রমিকে এবং উক্ত পদে নিয়োগ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে; যথা ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | ব্যক্তিগত কর্মকর্তা (পি, ও ) | ১৮-৩০ | (ক) স্টেনোগ্রাফার ও স্টেনোটাইপিস্ট এর মধ্য হইতে যাহারা স্নাতক ডিগ্রীধারী এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেটিং এর সনদপ্রাপ্ত। উহাদের মধ্য হইতে পদটি বিভাগীয় পরীক্ষার মাধ্যমে পদোন্নতির দ্বারা পূরণ করা হইবে। | |
| | | | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রধান বিচারপতি কর্তৃক গঠিত কমিটি দ্বারা। সাঁটলিপি ও টাইপিং এ প্রতিযোগিতামূলক পরীক্ষার ভিত্তিতে এবং বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত যে কোন প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেটিং সনদপত্র প্রাপ্ত হইতে হইবে। | (খ) সাঁটলিপি, টাইপিং ও কম্পিউটার অপারেটিং এ দক্ষতা সম্পন্ন কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী অথবা সমমান শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হইতে হইবে। |

কোর্টের আদেশক্রমে

ইকতেদার আহমেদ

রেজিস্ট্রার।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৫। | ড্রাইভার | ১৮-[illegible] বৎসর | (ক) সরাসরি নিয়োগ দ্বারা | (ক) পাঁচ বৎসরের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পর্যন্ত অধ্যয়নের সার্টিফিকেট। |
| ২৬। | ফটোস্ট্যাট মেশিন অপারেটর | ১৮-[illegible] বৎসর | (ক) সরাসরি নিয়োগ দ্বারা | (ক) ফটোস্ট্যাট মেশিন পরিচালনায় দক্ষতা-সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ২৭। | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | ১৮-[illegible] বৎসর | (ক) পরীক্ষার জন্য রেজিষ্ট্রার কর্তৃক গঠিত কমিটি দ্বারা ভাষা, সাধারণ জ্ঞান এবং মেশিন পরিচালনায় প্রতিযোগিতামূলক পরীক্ষার ভিত্তিতে সরাসরি নিয়োগ দ্বারা। | (ক) ডুপ্লিকেটিং মেশিন পরিচালনায় দক্ষতা সহ অন্ততঃ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ২৮। | রেকর্ড এ্যারেঞ্জার | — | (ক) দপ্তরী এবং ৪র্থ শ্রেণীর কর্মচারী হইতে নিম্নলিখিত পদোন্নতি দ্বারা। (১) দপ্তরী ৫০% (২) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষাপাশ ৪র্থ শ্রেণীর কর্মচারী ৫০% | (ক) কমপক্ষে দপ্তরী হিসাবে ১ বৎসরের অভিজ্ঞতা এবং মাধ্যমিক স্কুল সার্টি-ফিকেট পরীক্ষা পাশ, ৪র্থ শ্রেণীর কর্মচারী হিসাবে দুই বৎসরের অভিজ্ঞতা। (খ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে রেজিষ্ট্রার অভিজ্ঞতা ও শিক্ষাগত যোগ্যতা শিথিল করিতে পারেন। |
| ২৯। | দপ্তরী | — | (ক) এম. এল. এস. এস. কর্মচারীদের মধ্যে হইতে পদোন্নতি দ্বারা। | (ক) কমপক্ষে এম. এল. এস. এস. কর্ম-চারী হিসাবে দুই বৎসরের অভিজ্ঞতা। (খ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে রেজিষ্ট্রার অভিজ্ঞতা শিথিল করিতে পারিবেন। |
| ৩০। | জমাদার | | (ক) এম. এল. এস. এস. কর্মচারীদের মধ্য হইতে পদোন্নতি দ্বারা। | (ক) কমপক্ষে এম. এল. এস. এস. কর্মচারী হিসাবে দুই বৎসর-এর অভিজ্ঞতা। (খ) অন্যান্য দিক দিয়া উপযুক্ত বিবেচিত হইলে রেজিষ্ট্রার অভিজ্ঞতা শিথিল করিতে পারিবেন। |
| | | | **চতুর্থ শ্রেণীর পদ** | |
| ৩১। | এম. এল. এস. এস. (আর্দালী/পিয়ন/এজলাশ পিয়ন) | ১৮-[illegible] বৎসর | (ক) ফরাশ, দারোয়ান, ভিস্তি এবং মালী হইতে পদোন্নতি দ্বারা ২০%। (খ) ৮০% সরাসরি নিয়োগ দ্বারা। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ফরাশ, দারোয়ান, ভিস্তি এবং মালী যে কোন পদে ১ বৎসরের অভিজ্ঞতা। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ৫ম শ্রেণী পাশ। (গ) অন্যান্য দিক দিয়া যোগ্য বিবেচিত হইলে রেজিষ্ট্রার অভিজ্ঞতা শিথিল করিতে পারিবেন। |
| ৩২। | দারোয়ান | ১৮-[illegible] বৎসর | (ক) সরাসরি নিয়োগ | (ক) ৫ম শ্রেণী |
| ৩৩। | ফরাশ | ১৮-[illegible] বৎসর | (ক) সরাসরি নিয়োগ | (ক) ৫ম শ্রেণী |
| ৩৪। | মালী | ১৮-[illegible] বৎসর | (ক) সরাসরি নিয়োগ | (ক) ৫ম শ্রেণী |
| ৩৫। | ভিস্তি | ১৮-[illegible] বৎসর | (ক) সরাসরি নিয়োগ | (ক) ৫ম শ্রেণী |
| ৩৬। | সুইপার | ১৮-[illegible] বৎসর | (ক) সরাসরি নিয়োগ | (ক) ৫ম শ্রেণী |

জিপিপিডি—শাখা-৪—৪৫০/৮৭-৮৮/(ন)—১২-৪-৮৮—৫১০।

[signature] ০৫/১/২০২২
রেজিস্ট্রার জেনারেল